JUSTICE AGENDA
NO TIME TO WAIT

অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 7/25/2019 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

তথ্য নিরাপত্তা ভঙ্গের থেকে নিউ ইয়র্কবাসীদের রক্ষা করতে গভর্নর কুওমো আইন পাশ করেছেন

S.5575B/A.5635 – বা SHIELD অ্যাক্ট (SHIELD Act) –নিরাপত্তা লঙ্ঘনের যথাযথ বিজ্ঞপ্তি প্রদান করার জন্য ব্যক্তিগত গ্রাহকের তথ্য পরিচালনাকারী ব্যবসাগুলির উপর কঠোর বাধ্যবাধকতা আরোপ করে

A.2374/S.3582 অনুযায়ী উপভোক্তা ক্রেডিট রিপোর্টিং এজেন্সিগুলিকে, একটি নিরাপত্তা লঙ্ঘনের দ্বারা ক্ষতিগ্রস্ত উপভোক্তাদের পরিচয় চুরি প্রতিরোধ এবং প্রশমন পরিষেবার প্রস্তাব দিতে হবে

গভর্নর অ্যান্ড্রু এম. কুমো আজ নিরাপত্তা ভঙ্গের থেকে নিউ ইয়র্কবাসীদের রক্ষা করতে আইন স্বাক্ষর করেছেন । গভর্নর স্টপ হ্যাক অ্যান্ড ইমপ্রুভ ইলেকট্রনিক ডাটা সিকিউরিটি (Stop Hacks and Improve Electronic Data Security) -বা SHIELD - অ্যাক্ট (S.5575B/A.5635)-এ স্বাক্ষর করেন, যা নিরাপত্তা লঙ্ঘনের যথাযথ বিজ্ঞপ্তি প্রদান করার জন্য ক্ষতিগ্রস্ত উপভোক্তাদের তথ্য চালনাকারী ব্যবসাগুলির উপর কঠোর বাধ্যবাধকতা আরোপ করে। এছাড়াও গভর্নর, উপভোক্তা ক্রেডিট রিপোর্টিং এজেন্সি গুলিকে, একটি নিরাপত্তা লঙ্ঘনের দ্বারা ক্ষতিগ্রস্ত উপভোক্তাদের পরিচয় চুরি প্রতিরোধ এবং প্রশমন পরিষেবার প্রস্তাব দেওয়ার জন্য আইন (A.2374/S.3582) স্বাক্ষর করেন।

"প্রযুক্তি যেহেতু আমাদের দৈনন্দিন জীবনের প্রতিটি পদক্ষেপে প্রাধাণ্য বিস্তার করেছে, তাই এটা ক্রমশ আরও বেশি গুরুত্বপূর্ণ যে আমরা কোম্পানিগুলোকে ভরসা করে যে তথ্য প্রদান করি তার নিরাপত্তা নিশ্চিত করতে আমরা যথাসাধ্য চেষ্টা করব", **গভর্নর কুওমো বলেন।** "কঠিন বাস্তবটি হল নিরাপত্তা ভঙ্গের ঘটনাগুলি প্রায়ই ঘটছে এবং এই আইনের মাধ্যমে নিউ ইয়র্ক উপভোক্তাদের সুরক্ষা বৃদ্ধির জন্য পদক্ষেপ নিচ্ছে এবং কোম্পানিগুলি যখন সংবেদনশীল ডেটার অপব্যবহার করছে তখন তাদেরকে কৈফিয়ত দিতে বাধ্য করছে।"

অ্যাটর্নি জেনারেল লেটিশিয়া জেমস বলেছেন, "SHIELD অ্যাক্ট এখন প্রচলিত আইন এবং ক্রেতাদের ব্যক্তিগত তথ্যের উন্নততর সুরক্ষা প্রদান করে । সংস্থাগুলিকে তাদের তথ্য সুরক্ষিত করার জন্য জবাবদিহি করতে হবে, নিউ ইয়র্কবাসীদের এটুকু মনের শান্তি প্রাপ্য । আইনের এই গুরুত্বপূর্ণ অংশের জন্য গভর্নর কুওমো এবং বিলের সহ-প্রযোজক, সিনেটর থমাস এবং অ্যাসেম্বলী সদস্য ডেনডেকের পক্ষসমর্থন এবং সহায়তার জন্য তাদেরকে আমরাধন্যবাদ জানাই।"

2017 সালের জুলাইমাসের শেষের দিকে, তিনটি মুখ্য ক্রেডিট রিপোর্টিং সংস্থার একটি, ইক্যুইফ্যাক্স আইএনসি. (Equifax Inc.), সোশ্যাল সিকিউরিটি নম্বর সহ ব্যক্তিগত তথ্য নিয়ে একটি গুরুতর তথ্য লঙ্ঘন প্রত্যক্ষ করে । এই ভঙ্গের মাত্রা এখনও অজানা, কিন্তু কোম্পানীর প্রতিক্রিয়া অপর্যাপ্ত ছিল এবং এটা অগ্রহণযোগ্য যে উপভোক্তাদের নিজেদের কোন দোষ না থাকা সত্বেও তাদের পরিচয়ের তথ্য চুরি যাওয়ার ভার তাদেরই বহন করতে হবে। 2019 সালের 22শে জুলাই, গভর্নর কুওমো, স্টেট ডিপার্টমেন্ট অফ ফিনান্সিয়াল সার্ভিসেস (State Department of Financial Services) এবং স্টেট অ্যাটর্নি জেনারেল জেমস তথ্য ভঙ্গের নিষ্পত্তির জন্য ইক্যুইফ্যাক্সকে 19,200,000 ডলার জরিমানার কথা ঘোষণা করেন। ওই নিষ্পত্তির অংশ হিসেবে, ইক্যুইফ্যাক্স নিউ ইয়র্কের উপভোক্তাদের ক্রেডিট মনিটরিং পরিষেবা এবং বিনামূল্যে বার্ষিক ক্রেডিট রিপোর্ট প্রদান করতে, এবং লঙ্ঘনের দ্বারা ক্ষতিগ্রস্ত গ্রাহকদের ক্ষতিপূরণ প্রদান করতে সম্মত হয়।

শিল্ড অ্যাক্ট (S.5575B/A.5635)

নিউ ইয়র্কের তথ্য ভঙ্গের প্রজ্ঞাপন আইন সেকেলে এবং বর্তমান প্রযুক্তির সাথে সঙ্গতি রাখে না। অন্যান্য যুক্তরাষ্ট্রীয় বা নিউ ইয়র্ক স্টেট ডেটা নিরাপত্তা প্রবিধানের আওতাভুক্ত যে সমস্ত ব্যবসাগুলির উপর আগে থেকেই বাধ্যবাধকতা লাগু আছে তাদের উপর আবার না চাপিয়ে এবং ছোট ব্যবসার উপর অত্যধিক খরচের বোঝা না চাপিয়ে অনেক স্টেটেরই যুক্তিসঙ্গত তথ্য সুরক্ষা লাগু করা প্রয়োজন।

এই আইন নিরাপত্তা এবং যথাযথ প্রজ্ঞাপনের লঙ্ঘন সম্পর্কে, উপভোক্তাদের ব্যক্তিগত তথ্য পরচালনাকারী ব্যবসাগুলির উপর নিম্নলিখিত কঠোর বাধ্যবাধকতা আরোপ করে:

- তাদের সংশ্লিষ্ট পাসওয়ার্ড বা নিরাপত্তা প্রশ্ন এবং উত্তরের সঙ্গে বায়োমেট্রিক তথ্য এবং ইমেল ঠিকানা সংযুক্ত করার জন্য বিজ্ঞপ্তি আইনের অধীনে আওতাভুক্ত তথ্যের পরিধি প্রসারিত করা;
- ব্যক্তিগত তথ্য ভঙ্গের সময় বিজ্ঞপ্তির আবশ্যকতা এবং পদ্ধতি আপডেট করা যা কোম্পানি এবং স্টেটের সংস্থাগুলিকে অনুসরণ করতে হবে;
- শুধু যারা ব্যবসায় লিপ্ত তারা নন, নিউ ইয়র্কের একজন বাসিন্দার ব্যক্তিগত তথ্য পরিচালনাকারী যে কোন ব্যক্তি বা সংস্থার মধ্যে আবশ্যকতার সম্প্রসারণ;
- ব্যক্তিগত তথ্যে অননুমোদিত প্রবেশাধিকার অন্তর্ভুক্ত করার জন্য একটি ডাটা ভঙ্গের সংজ্ঞা প্রসারিত করা; এবং
- একটি ব্যবসার আকারের সঙ্গে মানানসই যুক্তিসঙ্গত তথ্য নিরাপত্তা আবশ্যকতা তৈরি করা।

এই বিলটি আইনে পরিণত হওয়ার 240 দিনের মধ্যে কার্যকর হবে।

ক্রেতা সুরক্ষা কমিটির (Committee on Consumer Protection) সভাপতি সিনেটর কেভিন থমাস বলেন, " দ্রুত পরিবর্তনশীল প্রযুক্তির সঙ্গে আমাদের আইনের সঙ্গতি রাখাটা গুরুত্বপূর্ণ। SHIELD অ্যাক্ট নিরাপত্তার মান উন্নত করে যাতে আর কোনো নিউ ইয়র্কবাসী অহেতুক তথ্য লঙ্ঘন ও

সাইবার-হামলার শিকার না হন। যেহেতু আমরা আমাদের আইনের আধুনিকায়নে এবং সকল নিউ ইয়র্কবাসীদের ব্যক্তিগত তথ্য রক্ষা করতে কাজ করছি, তাই এই কাজে গভর্নরের নেতৃত্বের জন্য আমি তাকে ধন্যবাদ জানাতে চাই।"

অ্যাসেমব্লী সদস্য মাইকেল ডেনডেকার, কনজিউমার অ্যাফেয়ার্স এবং প্রোটেকশন কমিটির (Committee on Consumer Affairs and Protection) সভাপতি বলেন, "SHIELD অ্যাক্টটিকে স্বাক্ষর করে আইনে পরিণত করার জন্য আমি গভর্নর কুওমোকে সাধুবাদ জানাই। উপভোক্তাদের ব্যক্তিগত তথ্য রক্ষা করতে এবং সংবেদনশীল ব্যক্তিগত তথ্য যাদের দেওয়া হয়েছে সেই তথ্যের যথাযথ সংরক্ষণ ও সুরক্ষার ব্যাপারে তাদের নির্দিষ্ট মানদণ্ডে আবদ্ধ করার যে আইন তার সূচনার জন্য অ্যাটর্নি জেনারেলের অফিস, সিনেট এবং গভর্নরের অফিসকে সহায়তা করতে পেরে আমি গর্বিত।। এই বিলে কোনও তথ্য ভঙ্গের ঘটনা ঘটলে যথাযথ বিজ্ঞপ্তিগুলি অবশ্যই সময়মত ককরার কথাও উল্লকেহ করে।"

<u>পরিচয় চুরি প্রতিরোধ ও প্রশমন পরিষেবা (A.2374/S.3582)</u>

এই আইন একটি ক্রেডিট রিপোর্টিং এজেন্সি থেকে তথ্য ভঙ্গের দ্বারা ক্ষতিগ্রস্ত ভোক্তাদের দীর্ঘমেয়াদী সুরক্ষার ন্যূনতম পরিমাণ চালু করে। এর আবশ্যকতা অনুযায়ী যে সকল ক্রেডিট রিপোর্টিং এজেন্সি উপভোক্তার সোশ্যাল সিকিউরিটি নম্বর সম্বলিত তথ্য ভঙ্গ করার অপরাধে অভিযুক্ত তাদেরকে আজীবন পরিচয় চুরি প্রতিরোধ পরিষেবা প্রদান করতে হবে, এবং যদি প্রযোজ্য হয়, ক্ষতিগ্রস্ত গ্রাহকদের জন্য পরিচয় চুরি প্রশমন পরিষেবা প্রদান করতে হবে। এই আইন অনুযায়ী উপভোক্তা ক্রেডিট রিপোর্টগুলির উপর নিরাপত্তা ব্যবস্থা বাস্তবায়ন এবং উত্তোলন সংক্রান্ত ফিও নিষিদ্ধ করবে, যদি ওই প্রতিবেদনগুলো সোশ্যাল সিকিউরিটি নম্বর সম্বলিত তথ্য ভঙ্গের অংশ হয়ে থাকে। উপরন্তু, আইন অনুযায়ী ক্রেডিট রিপোর্টিং এজেন্সিগুলিকে একটি সোশ্যাল সিকিউরিটি নম্বর সহ তথ্য ভঙ্গের ক্রেডিট ফ্রিজ উপভোক্তাদের জানাতে হবে, এবং কোন খরচ ছাড়া উপভোক্তাদের তাদের ক্রেডিট ফ্রিজ করার অধিকার প্রদান করবে।

এই বিলটি আইন হওয়ার 60 দিন পরে কার্যকর হবে, এবং এই আইনের কার্যকর তারিখের আগে তিন বছরের বেশি সময় ধরে একটি কনজিউমার ক্রেডিট রিপোর্টিং এজেন্সির নিরাপত্তা বিঘ্নিত করার ক্ষেত্রে প্রযোজ্য হবে।

সিনেটর লিরয় কমরি বলেন, "প্রারম্ভিক ইক্যুইফ্যাক্স হ্যাক থেকে কোম্পানির অপর্যাপ্ত প্রতিক্রিয়ায় এটা পরিষ্কার যে তথ্য চোরদের থেকে উপভোক্তাদের সুরক্ষার জন্য যতটা করা দরকার নিউ ইয়র্ক স্টেট তার থেকে অনেক বেশি করছে। উঠতি প্রযুক্তির নিত্য বিবর্তিত দুনিয়ায়, হ্যাকারদের হাতে এত সহজে শেষ হয়ে যাওয়া থেকে সোশ্যাল সিকিউরিটি নম্বর এবং ব্যাঙ্কিং তথ্যের মতো ব্যক্তিগত তথ্য ঠেকানোর রক্ষাকবচ থাকা আশু প্রয়োজন। উপভোক্তাদের গোপনীয় তথ্য প্রকাশিত হয়ে যাওয়ার ক্ষেত্রে ক্রেডিট রিপোর্টিং সংস্থাগুলোকে আজীবন পরিচয় চুরি সুরক্ষা এবং ঝুঁকি প্রশমন পরিষেবা প্রদান করার আবশ্যিকতা লাগু করার আইনকে এগিয়ে নিয়ে যাওয়ার জন্য আমি গর্বিত। নিউ ইয়র্কবাসীদের রক্ষায় সহায়তা করতে এই বিলটি স্বাক্ষর করে আইনে পরিণত করার জন্য আমি গভর্নর কুওমোকে ধন্যবাদ জানাই।"

অ্যাসেম্বলি সদস্য জেফরি ডিনোউইৎজ বলেন, "আমাদের বিলটিকে স্বাক্ষর করে আইনে পরিণত করার জন্য আমি গভর্নর কুওমোকে ধন্যবাদ জানাই। এই বিপুল সংখ্যক উপভোক্তার ব্যক্তিগত তথ্য তাদের জীবদ্দশায় কোনো না কোনো সময়ে তথ্য ভঙ্গের কারণে লঙ্ঘিত হয়েছে। রেকর্ড অনুযায়ী সবথেকে ভয়ঙ্কর লঙ্ঘনের ঘটনা ঘটেছিল 2017 সালে যখন দেশের অন্যতম প্রধান ক্রেডিট রিপোর্টিং এজেন্সি লঙ্ঘন করেছিল এবং লক্ষাধিক উপভোক্তাদের সোশ্যাল সিকিউরিটি নম্বর এবং অন্যান্য সংবেদনশীল তথ্য চুরি গিয়েছিল। একটি ক্রেডিট রিপোর্টিং এজেন্সি যখন উপভোক্তাদের সোশ্যাল সিকিউরিটি নম্বর হারাবে তখন এই আইন নিশ্চিত করবে যে ক্ষতিগ্রস্ত উপভোক্তাগণ যথাযথ ক্রেডিট মনিটরিং এবং পরিচয়-চুরি প্রশমন পরিষেবা পাবে । ক্রেডিট রিপোর্টিং এজেন্সিগুলি আমাদের তথ্য রক্ষার ক্ষেত্রে একটি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেলে তাদেরকে সর্বোচ্চ মান ধরে রাখতে হবে। অপব্যবহারকারীদের থেকে আমাদের তথ্য রক্ষা করতে ব্যর্থ হলে এই সত্তাকে জবাবদিহি করার বাধ্যবাধকতার ক্ষেত্রে এই গুরুত্বপূর্ণ উপভোক্তা আইন একটি গুরুত্বপূর্ণ পদক্ষেপ।"

###

অতিরিক্ত তথ্য পেতে দেখুন www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট । এক্সিকিউটিভ চেম্বার । press.office@exec.ny.gov । 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন